গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# DAIRY-2022




আপনার স্বাস্থ্য আমাদের অঙ্গীকার
HPNSP
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

## উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স
## ফুলবাড়ী, দিনাজপুর

## উপদেষ্টামন্ডলী


**জনাব এ্যাড. মোঃ মোস্তাফিজুর রহমান**
এম.পি, দিনাজপুর-৫
সভাপতি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি

**জনাব ডাঃ এ এইচ এম বোরহান-উল-ইসলাম সিদ্দিকী**
সিভিল সার্জন, দিনাজপুর।

**জনাব মোঃ আতাউর রহমান মিল্টন**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর।

**জনাব মোঃ রিয়াজ উদ্দিন**
উপজেলা নির্বাহী অফিসার
উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর।


## সম্পাদকমন্ডলী


**ডাঃ মোঃ মশিউর রহমান**
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফুলবাড়ী, দিনাজপুর।

**ডাঃ মোঃ সাজেদুল ইসলাম**
ডেন্টাল সার্জন
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফুলবাড়ী, দিনাজপুর।

**ডাঃ নূর-ই-আলম খুশরোজ আহমেদ**
আবাসিক মেডিকেল অফিসার
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফুলবাড়ী, দিনাজপুর।



**ডিজাইন ও মুদ্রণে**
ফুলবাড়ী প্রিন্টিং প্রেস
নিমতলা মোড়, ফুলবাড়ী, দিনাজপুর।
অফিস : ০১৭২২-৯৩৮৩০৭




# সম্পাদকীয়


**ডাঃ মোঃ মশিউর রহমান**
**উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মমর্তা**
ফুলবাড়ী, দিনাজপুর।


ফুলবাড়ী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স স্থানীয়ভাবে **"ফুলবাড়ী হাসপাতাল"** নামে অধিক পরিচিত। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বহির্বিভাগে গর্ভকালীন সেবা (এএনসি) ও প্রসবোত্তর সেবা (পিএনসি) প্রদানের লক্ষ্যে একটি কর্ণার স্থাপন করা হয়। সেখান হতে মহিলা মেডিকেল অফিসার ও মিডওয়াইফগন মানসম্পন্ন মাতৃস্বাস্থ্য সেবা প্রদান করেন। ৫০ শয্যার উন্নীত স্বাস্থ্য কমপ্লেক্সের আন্তঃবিভাগে আধুনিক যন্ত্রপাতি ও উন্নত সুবিধা সম্বলিত ১টি মাতৃস্বাস্থ্য ইউনিট স্থাপন করা হয়েছে। স্থানীয় নির্বাচিত জনপ্রতিনিধিবৃন্দ ও সচেতন জনগন এ মহতী উদ্যোগের সাথে একতৃতা প্রকাশ করেন। তাদের আর্থিক সহায়তায় এ কর্মসূচীতে ১ জন পরিচ্ছন্নকর্মী নিয়োগ করা হয়। মাতৃস্বাস্থ্য বিভাগের জন্য ১টি আইপিএস এবং উপজেলা পরিষদ সোলার সিষ্টেম এর ব্যবস্থা করেছে। উপজেলা পরিষদ ও সমাজ কল্যাণ বিভাগের তরফ হতে প্রতিটি নবজাতককে একটি উপহার প্যাকেজ দিয়ে স্বাগত জানানো হয়, যাতে ১টি সুতি পোশাক, ১টি বেবি সাবান ও ১টি শিশুদের মশারী থাকে।

স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগীয় কর্মী, নির্বাচিত জনপ্রতিনিধি, শিক্ষক, গণমাধ্যমকর্মী, স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গের মধ্যে স্থানীয়ভাবে প্রণীত মাতৃস্বাস্থ্য কার্ড বিতরন করা হয় যাতে তারা এগুলি পূরণ করে গর্ভবতী মায়েদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রেফার করেন। মাতৃস্বাস্থ্য কার্ডে যিনি গর্ভবতী মাকে রেফার করবেন তার মোবাইল নাম্বর থাকে। তাই যখনই কোন গর্ভবতী মা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে উপস্থিত হন তখনই তাৎক্ষনিকভাবে যিনি রেফার করেছেন তাকে ধন্যবাদ জ্ঞাপনসহ মায়ের অবস্থা ও জানিয়ে দেয়া হয়। এতে স্থানীয় জনগন অত্যন্ত আনন্দিত এবং তারা নিজেদের খুব সম্মানিত বোধ করেন এবং অধিকতর সক্রিয় অংশগ্রহণে অনুপ্রাণিত হন।

বেসরকারী উন্নয়ন সহযোগী সংগঠনের সহযোগিতা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একটি আধুনিক স্বাস্থ্য বার্তা সম্বিলিত বিল বোর্ড অন্তবিভাগ, জরুরী বিভাগ ও বর্হিবিভাগে স্থাপন করা হয়েছে। এছাড়া উচ্চরক্তচাপ ও ডায়াবেটিস রোগীদের ব্যবস্থাপনার জন্য একটি ইউনিট চালু করা হয়েছে। এখান হতে নির্নীত এবং চিকিৎসাধীন উচ্চরক্তচাপ ও ডায়াবেটিস রোগীদের পরামর্শ কার্ড প্রদান করা হয় যাতে তারা নিকটস্থ কমিউনিটি ক্লিনিকে চেকআপ করাতে পারেন, বিশষতঃ যাদের বাড়ী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হতে অনেক দূরে এবং দূর্গম এলাকায়। কমিউনিটি ক্লিনিকের সিএইচসিপি গণ এসব রোগীদের অনুসরনের ক্ষেত্রে প্রয়োজন হলে উপজেলা স্বাস্থ্য কমপেক্স হতে উপদেশ নিতে পারেন। এক্ষেত্রে রোগীদের সময়, কষ্ট ও অর্থের সাশ্রয় হয়।

আপনার ডাক্তার শীর্ষক আরও ১টি উদ্যোগের মাসিক সমন্বয় সভার মাধ্যমে ফুলবাড়ী উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা সেবা প্রদানকারীদের সাথে মত বিনিময় করেন যাতে তিনি প্রদত্ত সেবা, সেবার মান, সুবিধা, সমস্যা এবং সামাধানে তাদের পরামর্শ ইত্যাদি বিষয়ে অবগন হন এবং সম্ভাব্য ক্ষেত্রে তাৎক্ষনিক ব্যবস্থা গ্রহন করেন। পরবর্তীতে অবশিষ্টগুলি ও সমাধানের প্রয়োজনীয় উদ্যোগ নেন। এটি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রতি মাসে পূর্বনির্ধারিত দিনে ১ বার অনুষ্ঠিত হয়। ফলশ্রুতিতে ২০২০ ও ২০২১ সালে প্রসব কালীন সেবা (এএনসি) এবং স্বাভাবিক প্রসব, পূর্বের সাল অপেক্ষা যথাক্রমে ২০% ও ১২০% বৃদ্ধি পেয়েছে। ফুলবাড়ী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সেবা প্রদানের এ সাফল্যের জন্য মাননীয় সাংসদ জনাব এ্যাড মোঃ মোস্তাফিজুর রহমান ফিজার, এম.পি এর উদ্দ্যেগে হাসপাতালে একটি নতুন অ্যাম্বুলেন্স প্রদান করা হয়। গর্ভবতী মায়েদের পরিবহনের যাবতীয় ব্যয় বহন করে। স্বাস্থ্য কর্মীদের ভালো কাজে উৎসাহ প্রদানের জন্য ত্রৈমাসিক ও বার্ষিক পুরস্কার প্রদান করা হয়।

সর্বোপরি সরকার, স্থানীয় প্রশাসন, ইউনিয়ন পরিষদ ও স্থানীয় জনগনসহ সংশ্লিষ্ট সকলের সক্রিয় অংশগ্রহনের ফলে স্বাস্থ্য সেবা প্রদানের ক্ষেত্রে ফুলবাড়ী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দিনাজপুর একটি অসাধরন দৃষ্টান্ত স্থাপন করেছে। ফুলবাড়ী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স অন্যদের নিকট একটি অনুসরনীয় মডেল হতে পারে।

# সাংগঠনিক অবকাঠামো

## ফুলবাড়ী উপজেলা

## ফুলবাড়ী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স

### উপ-স্বাস্থ্য কেন্দ্র

০১. চিন্তামন উপ-স্বাস্থ্য কেন্দ্র

### উপ-স্বাস্থ্য কেন্দ্র


০২. রুদ্রানী উপ-স্বাস্থ্য কেন্দ্র

### কমিউনিটি ক্লিনিক

০১. পানিকাটা কমিউনিটি ক্লিনিক
০২. সোলাকুড়ি কমিউনিটি ক্লিনিক
০৩. শালগাঁও কমিউনিটি ক্লিনিক
০৪. পার্বতীপুর কমিউনিটি ক্লিনিক
০৫. আলাদীপুর কমিউনিটি ক্লিনিক
০৬. সেনড়া কমিউনিটি ক্লিনিক
০৭. রাঙ্গামাটি কমিউনিটি ক্লিনিক
০৮. দাদুল কমিউনিটি ক্লিনিক
০৯. রশিদপুর কমিউনিটি ক্লিনিক
১০. পুখুরী কমিউনিটি ক্লিনিক
১১. বেতদিঘী কমিউনিটি ক্লিনিক
১২. নন্দলালপুর কমিউনিটি ক্লিনিক
১৩. নন্দীগ্রাম কমিউনিটি ক্লিনিক
১৪. সৈয়দপুর কমিউনিটি ক্লিনিক
১৫. শংকরপুর কমিউনিটি ক্লিনিক
১৬. খয়েরবাড়ী কমিউনিটি ক্লিনিক
১৭. অম্ব্রবাড়ী কমিউনিটি ক্লিনিক
১৮. উত্তর লক্ষীপুর কমিউনিটি ক্লিনিক
১৯. গোয়ালপাড়া কমিউনিটি ক্লিনিক
২০. পশ্চিম জানিপুর কমিউনিটি ক্লিনিক
২১. বারাইপাড়া কমিউনিটি ক্লিনিক
২২. সঞ্জয় কুমার রায় কমিউনিটি ক্লিনিক
২৩. দাদপুর কমিউনিটি ক্লিনিক
২৪. শিবনগর কমিউনিটি ক্লিনিক
২৫. চককবীর কমিউনিটি ক্লিনিক
২৬. পাঠকপাড়া কমিউনিটি ক্লিনিক

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

**উপজেলা স্বাস্থ্য প্রশাসন, ফুলবাড়ী, দিনাজপুর**




উপজেলা স্বাস্থ্য প্রশাসন, ফুলবাড়ী, দিনাজপুর

# শিশুদের নিয়মিত ইপিআই টিকাদান সময়সূচি

| রোগের নাম | টিকার নাম | টিকার ডোজ | ডোজের সংখ্যা | ডোজের মধ্যে বিরত | টিকা দেয়ার সঠিক সময় | টিকাদানের স্থান | টিকার প্রয়োগ পথ |
|---|---|---|---|---|---|---|---|
| যক্ষা | বিসিজি টিকা | ০.০৫ এম এল | ১ | - | জন্মের পর থেকে | বাম বাহুর উপরের অংশে | চামড়ার মধ্যে |
| ডিপথেরিয়া, হুপিংকাশি, ধনুষ্টংকার, হেপাটাইটিস-বি হিমোফাইলাস ইনফ্লুয়েঞ্জা-বি | পেন্টাভ্যালেন্ট টিকা (ডিপিটি, হেপাটাইটিস-বি এবং হিব ব্যাকসিন) | ০.৫ এম এল | ৩ | ৪ সপ্তাহ | ৬ সপ্তাহ<br>১০ সপ্তাহ<br>১৪ সপ্তাহ | বাম উরুর মধ্যভাগের বহিরাংশে | মাংসপেশী |
| নিউমোকক্কাল নিউমোনিয়া | পিসিভি টিকা | ০.৫ এম এল | ৩ | ৪ সপ্তাহ | ৬ সপ্তাহ<br>১০ সপ্তাহ<br>১৪ সপ্তাহ | ডান উরুর মধ্যভাগের বহিরাংশে | মাংসপেশী |
| পোলিও মাইলাইটিস | বিওপিভি টিকা | ২ ফোঁটা | ৩ | ৪ সপ্তাহ | ৬ সপ্তাহ<br>১০ সপ্তাহ<br>১৪ সপ্তাহ | মুখে | মুখে |
| | আইপিভি (ফ্রাকশনাল) | ০.১ এম এল | ২ | ৮ সপ্তাহ | ৬ সপ্তাহ<br>১৪ সপ্তাহ | ডা বাহুর উপরের অংশে | চামড়ার মধ্যে |
| হাম ও রুবেলা (এমআর) | এম আর টিকা | ০.৫ এম এল | ২ | - | ৯ মাস ও ১৫ মাস বয়স পূর্ণ হলে | ডান উরুর মধ্যভাগের বহিরাংশে | চামড়ার নীচে |

**টিকা প্রদানের জন্য অনুসরণীয়**

১. এক ডোজ পূর্ণ আইপিভি টিকার পরিবর্তে ২টি ডোজ ফ্রাকশনাল আইপিভি টিকা (প্রতি ডোজ ০.১ এম এল) দিতে হবে। এই টিকা ডান বাহুর উপরের অংশে চামড়ার মধ্যে (বিসিজি টিকার মত) ০.১ এম এল এডি সিরিঞ্জের মাধ্যমে দিতে হবে।

২. জন্মের ১৪ দিনের মধ্যে শিশুকে এক ডোজ বিওপিভি টিকা খাওয়াতে হবে। তবে এই ডোজ '০' (জিরো) ডোজ হিসেবে গণ্য করতে হবে। পরবর্তীতে জন্মের ৬ সপ্তাহ বা ৪২ দিন বয়স থেকে নিয়ম মতো আরো ৩ ডোজ বিওপিভি টিকা খাওয়াতে হবে।

৩. শিশুর বয়স ৯ মাস পূর্ণ হলে ১ম ডোজ এবং ১৫ মাস পূর্ণ হলে ২য় ডোজ এমআর টিকা দিতে হবে। পূর্বে শরীরে কখনো দানা উঠে থাকলে অথবা অতীতে কখনো হাম/রুবেলা হয়ে থাকলেও এই টিকা দিতে হবে।

# ডায়রিয়া চিকিৎসায় জিংক ট্যাবলেট খাওয়ান




## যতক্ষন ডায়রিয়া ততক্ষন স্যালাইন
## পাশাপাশি দিন জিংক ট্যাবলেট
## ১টা করে প্রতিদিন-অবশ্যই ১০ দিন

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

**উপজেলা স্বাস্থ্য প্রশাসন, ফুলবাড়ী, দিনাজপুর**

# ফুলবাড়ী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের

# উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা

# ডাঃ মোঃ মশিউর রহমানের

# সময়কালের কিছু উন্নয়নমূলক কর্মকান্ড



ইটারকম



সিসি ক্যামেরা



ডিজিটাল এক্স-রে মেশিন



ডিজিটাল আল্ট্রাসনোগ্রাম মেশিন



সভাকক্ষ



নতুন এ্যাম্বুলেন্স



স্বাস্থ্যবার্তা বোর্ড



জিন এক্সপার্ট



নতুন বেড ও জানালার পর্দা



ফুলের বাগান



ফিল্টার মেশিন



সেন্ট্রাল অক্সিজেন সিস্টেম




করোনা বুথ



ইউ পি এস



উপজেলা পঃ পঃ কর্মকর্তার রুম

উপজেলা স্বাস্থ্য প্রশাসন, ফুলবাড়ী, দিনাজপুর

## গর্ভবতী মায়ের চেকআপ





**১ম** চেকআপ
যত তাড়াতাড়ি সম্ভব



**২য়** চেকআপ
৪-৬ মাসের মধ্যে




**৩য়** চেকআপ
গর্ভের ৮মাস হলে




**৪র্থ** চেকআপ
গর্ভের ৯মাস হলে

## প্রসব পরবর্তী চেকআপ



১ম চেকআপ প্রসবের ২৪ ঘন্টার মধ্যে



২য় চেকআপ প্রসবের ২-৩ দিনের মধ্যে



৩য় চেকআপ প্রসবের ৭-১৪ দিনের মধ্যে




৪র্থ চেকআপ প্রসবের ৪২-৪৫ দিনের মধ্যে

## গর্ভকালীন, প্রসবকালীন ও প্রসব পরবর্তী ৫টি বিপদচিহ্ন




স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

# উপজেলা স্বাস্থ্য প্রশাসন, ফুলবাড়ী, দিনাজপুর


BANGLADESH
বাংলাদেশ
RANGPUR
Rangpur
RAJSHAHI
Rajshahi
DHAKA
Dhaka
SYLHET
Sylhet
KHULNA
Khulna
BARISAL
Barisal
CHITTAGONG
Chittagong

# THE END